



সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি/ ৫ শরৎ ঘোষ স্ট্রিট, কলকাতা ১৪

প্রেস রিলিজ



১৮ জুলাই 'নেলসন ম্যান্ডেলা আন্তর্জাতিক দিবস' পালনের আহ্বান

দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষ-বিরোধী আন্দোলনের প্রবাদপ্রতিম নেতা ও বর্ণবিদ্বেষমুক্ত গণতান্ত্রিক সরকারের প্রথম রাষ্ট্রপতি নেলসন ম্যান্ডেলার ৯৫-তম জন্মদিবস পালিত হচ্ছে আগামী ১৮ জুলাই। গত ৮ জুন থেকে ম্যান্ডেলা হাসপাতালে চিকিৎসাধীন। তাঁর অবস্থা আশংকাজনক হলেও এখনও পর্যন্ত স্থিতিশীল। সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি নেলসন ম্যান্ডেলার দ্রুত আরোগ্য কামনা করছে।

শুধুমাত্র দক্ষিণ আফ্রিকার ইতিহাসেই নয়, বিশ্বজুড়ে শান্তি গণতন্ত্র মানবাধিকার সামাজিক ন্যায় সমতা ও সাম্রাজ্যবাদবিরোধী সংগ্রামে ম্যান্ডেলা একজন অবিস্মরণীয় নেতা। দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ স্বৈরশাহী সাতাশ বছর ম্যান্ডেলাকে কারান্তরালে রাখলেও শ্বেতাঙ্গ-কৃষ্ণাঙ্গ নির্বিশেষে ঐক্যবদ্ধ দক্ষিণ আফ্রিকাবাসীই যে সে-দেশের গণতান্ত্রিক রূপান্তরের কাভারী হতে পারে এই বোধ তিনি সঞ্চারিত করতে চেয়েছেন সবসময়।

দক্ষিণ আফ্রিকায় বর্ণবিদ্বেষের অবসান এবং ম্যান্ডেলার মুক্তির দাবিতে সমর্থন জানিয়েছিল গোটা বিশ্বের বিবেকী মানুষ, বিশেষত শান্তি ও সংহতি আন্দোলন। যে বছর তাঁকে যাবজ্জীবন কারাদণ্ড দেয় দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষী স্বৈরশাহী, সেই ১৯৬৪ সালেই বিশ্ব শান্তি পরিষদ ম্যান্ডেলাকে জুলিও কুরি পুরস্কারে ভূষিত করেছিল। কলকাতা তথা পশ্চিমবঙ্গেও লাগাতার সংহতিমূলক কর্মসূচী পালিত হয়েছে। কলকাতা পুরসভা ১৯৮৬ সালে কারাবন্দী ম্যান্ডেলাকে নাগরিক সম্বর্ধণা জানিয়েছিল। কলকাতা বিশ্ববিদ্যালয় তাঁকে উৎসর্গ করেছিল সাম্মানিক ডি-লিট। বামফ্রন্ট সরকারের উদ্যোগে কলকাতার গুরু নানক সরণী-পার্ক স্ট্রিট সংযোগ স্থলে ম্যান্ডেলার নামে প্রতিষ্ঠিত হয় পার্ক। রাজ্য সরকারের আর্থিক সহায়তায় ১৯৯০ সালের শেষদিকে কলকাতা বিশ্ববিদ্যালয় চালু করে 'নেলসন ম্যান্ডেলা বক্তৃত্তা'। ১৯৯০ সালের ১১ ফেব্রুয়ারি মুক্তি পাওয়ার পর, ১৯৯০ সালের ১৮ অক্টোবর নেলসন ম্যান্ডেলা কলকাতায় এসেছিলেন। সেদিন ইডেন গার্ডেন্সে রাজ্য সরকারের উদ্যোগে ম্যান্ডেলার ঐতিহাসিক গণসংবর্ধণা কলকাতা কখনও ভুলবে না।

এ প্রসঙ্গে উল্লেখ্য, রাষ্ট্রসংঘের সাধারণ সভা গত ২০০৯ সালে ম্যান্ডেলার জন্মদিবস ১৮ জুলাই তারিখটিকে 'নেলসন ম্যান্ডেলা আন্তর্জাতিক দিবস' হিসেবে ঘোষণা করে ও বিশ্বব্যাপী প্রতিবছর তা পালনের আহ্বান জানায়। সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি আগামী ১৮ জুলাই রাজ্যের সর্বত্র যথাযথ মর্যাদায় 'নেলসন ম্যান্ডেলা আন্তর্জাতিক দিবস' উদযাপন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানাচ্ছে।

অঞ্জন বেরা
সাধারণ সম্পাদক
(কোঅর্ডিনেটর)

কলকাতা / ১৩ জুলাই ২০১৩

অজয় অগ্নিহোত্রী
সাধারণ সম্পাদক

বিনায়ক ভট্টাচার্য
সাধারণ সম্পাদক